

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৭৯

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (کتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ১৩. পেশাবরত অবস্থায় কোনো ব্যক্তিকে সালাম দেওয়া হলে

باب إِذَا سُلِّمَ عَلَى الرَّجُلِ وَهُوَ يَبُولُ

আরবী

أَخْبَرَنَا إِسْحَقُ حَدَّثَنَا مُعَاذُ بْنُ هِشَامٍ حَدَّثَنِي أَبِي عَنْ قَتَادَةَ عَنْ الْحَسَنِ عَنْ الْحُضَيْنِ عَنْ الْمُهَاجِرِ بْنِ قُنْفُذٍ أَنَّهُ سَلَّمَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يَبُولُ فَلَمْ يَرُدَّ عَلَيْهِ السَّلَامَ حَتَّى تَوَضَّاً فَلَمَّا تَوَضَّاً رَدَّهُ عَلَيْهِ

বাংলা

২৬৭৯. আল-মুহাজির ইবন কুনফুয রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত তিনি বলেছেন যে, একদা তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খেদমতে এসে তাঁকে সালাম দিলেন যখন তিনি (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) পেশাবরত ছিলেন। কিন্তু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উযূ না করা পর্যন্ত তার সালামের জবাব দিলেন না। অতঃপর তিনি উযু করে তার সালামের জবাব দিলেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৮০৩, ৮০৬ ও মাওয়ারিদুয যাম'আন নং ১৮৯, ১৯০ তে। ((আহমাদ ৪/৩৪৫, ৫/৮০; আবু দাউদ, তাহারাত ১৭; নাসাঈ, তাহারাত ৩৮; ইবনু মাজাহ, তাহারাত ৩৫০; তাহাবী, শারহু মা'আনিল আছার ১/৮৫; হাকিম ১/১৬৭; বাইহাকী, কুবরা ১/৯০। কাতহুল মান্নান হা/২৮০৫ এর টীকা হতে। অনুবাদক))

সংযোজনী: এছাড়াও, তাবারাণী, কাবীর ২০/৩২৯ নং ৭৮০; ইবনু আবী আসিম, আহাদ ওয়াল মাছানী নং ৬৭৪; ইবনুল কানি', মুজামুস সাহাবাহ নং ১০০৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন